তারিখ ... 25 APR 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

যুগান্তর

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হত্যায় নিন্দা জানাল যুক্তরাষ্ট্র ইইউ ফ্রান্স

কূটনৈতিক রিপোর্টার

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এএফএম রেজাউল করিম সিদ্দিকীকে হত্যার তীব্র নিন্দা জানিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন ও ফ্রান্স। মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট রোববার এক বিবৃতিতে বলেন, অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীর এই নৃশংস হত্যাকাণ্ডের আমরা নিন্দা জানাই এবং তার মৃত্যুতে যে ক্ষতি হয়েছে তার জন্য শোক প্রকাশ করি। তাকে যারা চিনতেন আমি তাদের সঙ্গে কথা বলেছি এবং জেনেছি যে তিনি একজন বিনয়ী

■ পৃষ্ঠা ৭ : কলাম ৫

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হত্যায় নিন্দা জানাল যুক্তরাষ্ট্র ইইউ ফ্রান্স

(৩য় পৃষ্ঠার পর)

ও সংস্কৃতিমনা মানুষ ছিলেন, সেতার ভালোবাসতেন এবং স্থানীয় মসজিদে দান করতেন। তার কর্মের যে উত্তরাধিকার তিনি রেখে গেছেন, সহিংস চরমপন্থীদের কোনো দাবিই তাকে ছাপিয়ে যেতে পারবে না। এসব হত্যাকাণ্ডের নিন্দা জানাতে এবং অসহিষ্ণুতা ও ঘৃণার বশবর্তী হয়ে যারা এই হামলা করেছে ও অন্য সব হামলার পেছনে যারা রয়েছে তাদের আটক করতে আমি আবারও বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানাই। ঢাকায় ইইউ রাষ্ট্রদূত পিয়ারে মায়াডোন এক বিবৃতিতে এ নৃশংস হত্যার তীব্র নিন্দা জানান। ইইউ রাষ্ট্রদূত বলেন, প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্যে ইঙ্গিত পাওয়া যায়, ধর্মান্ধ গোষ্ঠী এ অপরাধ সংঘটিত করেছে। এ বিষয়ে নিশ্চিত হওয়া গেলে এটা হবে বাংলাদেশে সংক্ষিপ্ত সময়ের মধ্যে আরও একটি সন্ত্রাসী হামলার ঘটনা। যে কোনো সমাজের জন্যই শিক্ষাবিদ ও বুদ্ধিজীবী হত্যা করা অপূরণীয় ক্ষতি। রাষ্ট্রদূত মায়াডোন অধ্যাপক রেজাউল করিমের পরিবারের প্রতি শোক জানান। তিনি আশা করেন, তদন্তের মাধ্যমে অপরাধীদের বিচার করা হবে। ঢাকায় ফরাসি দূতাবাস পৃথক এক বিবৃতিতে অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার তীব্র নিন্দা জানিয়েছে। দূতাবাস বলেছে, এ হত্যা বুদ্ধিজীবী, সংস্কৃতি এবং মুক্ত চেতনার ওপর সরাসরি হামলা। দূতাবাস দ্রুত এ ঘটনার তদন্ত করে অপরাধীদের শাস্তি দেয়ার আহ্বান জানায়।